ভোরের কাগজ

MAY 13 2002

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৬

# পরীক্ষা পেছানোর দাবিতে ছাত্রছাত্রীদের মিছিল

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদভুক্ত '৯৯-২০০০ শিক্ষাবর্ষের এমএ পরীক্ষা পেছানোর দাবিতে ছাত্রছাত্রীরা গতকাল ক্যাম্পাসে মিছিল এবং কর্তৃপক্ষের কাছে স্মারকলিপি পেশ করেছে।

সকালে প্রায় শতাধিক ছাত্রছাত্রী পরীক্ষা পেছানোর দাবিতে স্লোগান দেয় এবং কলাভবন এলাকা প্রদক্ষিণ করে। মিছিল শেষে ছাত্রছাত্রীরা কলা অনুষদের ডীন ড. শহীদুল্লাহর কাছে স্মারকলিপি পেশ করে।

এ সময় ডীনের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে ছাত্রছাত্রীরা তড়িঘড়ি করে শিক্ষকদের সিলেবাস সম্পূর্ণ করা এবং বিভিন্ন বিভাগে ঠিকমতো ক্লাস না হওয়ার কথা উল্লেখ করে আগামী ২০ জুলাই থেকে পরীক্ষা গ্রহণের আবেদন জানায়।